

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চান্দিনা, কুমিল্লা
www.chandina.comilla.gov.bd

গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস বা COVID-19 এর সংক্রমণ রোধে জনসমাগম এবং সম্ভাব্য সংক্রমণ বিস্তার ঠেকাতে উপজেলা প্রশাসন বন্ধপরিষ্কার। কিন্তু নিষেধাজ্ঞা উপেক্ষা করে অনেকেই জমায়েত হচ্ছেন এবং করোনা বৃদ্ধি বাড়াচ্ছেন। সে লক্ষ্যে নভেল করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি চান্দিনা, কুমিল্লা কর্তৃক নিম্নরূপ নির্দেশনা জনস্বার্থে জারী করা হলো-

- ক) পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সকল মুদি দোকান, কাচা বাজার, কৃষি পণ্য, ও সারের দোকান সকাল ০৬.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত খোলা থাকবে।
- খ) শুধুমাত্র ফার্মেসী/ ঔষধের দোকান ২৪ ঘণ্টা খোলা থাকবে।
- গ) পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সকল (মুদি দোকান, শিশু খাদ্য, কাচা বাজার, ফার্মেসী, কৃষি পণ্য ও সারের দোকান ব্যতিত) শপিংমল, বিপনী বিতান, কমমেটিকস দোকান বন্ধ থাকবে।
- ঘ) মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা মোতাবেক সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠী যেমন : কৃষি শ্রমিক, দিন মজুর, রিক্সা/ভ্যান চালক, পরিবহন শ্রমিক, ভিক্ষুক, প্রতিবন্ধী, পথশিশু, স্বামী পরিত্যক্তা/বিধবা নারী, এবং হিজরা সম্প্রদায়ের প্রতি বিশেষ নজর রাখাসহ ত্রাণ সহায়তা প্রদান নিশ্চিত করতে স্থানীয় জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হলো।
- ঙ) মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা মোতাবেক বাংলা নববর্ষের সব অনুষ্ঠান বন্ধ রাখতে হবে যাতে জনসমাগম না হয়। ঘরে বসে ডিজিটাল পদ্ধতিতে নববর্ষ উদযাপন করতে হবে।
- চ) সরকারের পাশাপাশি সমাজের বিত্তশালী ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলো উপজেলা নির্বাহী কর্মকর্তার সঙ্গে সমন্বয় করে ত্রাণ ও স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা করবেন।
- ছ) আতঙ্কিত হয়ে অতিরিক্ত পণ্য ক্রয় করবেন না। খাদ্যশস্যসহ প্রয়োজনীয় সব পণ্যের পর্যাপ্ত মজুত রয়েছে।
- জ) কৃষকেরা নিয়মিত চাষাবাদ চালিয়ে যাবেন। এ ক্ষেত্রে সরকারি প্রণোদনা অব্যাহত থাকবে।
- ঝ) গুজব রটানো বন্ধ করতে হবে। ডিজিটাল প্ল্যাটফর্মে নানা গুজব রটানো হচ্ছে। গুজবে কান দেবেন না এবং বিচলিত হবেন না।
- ঞ) হোম কোয়ারেন্টিনে থাকা ব্যক্তি তাঁর নিজ কক্ষে ১৪ দিন বাধ্যতামূলকভাবে অবস্থান করবেন।
- ট) জরুরী প্রয়োজন ব্যতিত অথবা বাহিরে/রাস্তায় ঘুরাঘুড়ি বা চলাফেরা করা থেকে বিরত থাকুন।
- ঠ) প্রয়োজনে বাহিরে/রাস্তায় বের হলে সামাজিক দূরত্ব বজায় রাখুন।
- ড) সব ধরনের রাজনৈতিক, ধর্মীয় বা সামাজিক জনসমাবেশ পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত নিষিদ্ধ করা হলো।
- ঢ) ত্রাণ সামগ্রী বিতরণের সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন।
- ণ) সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান ও বাজার কমিটি নিয়মিত বাজার জীবানুনাশক দ্বারা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
- ত) সকল প্রকার যানবাহন চলাচল নিরুৎসাহিত করা হলো।
- থ) প্রয়োজনে চান্দিনা উপজেলা কেন্দ্রীয় রুমে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। কেন্দ্রীয় রুমের নাম্বার সমূহ ০৮০২২৫৬২০৮ এবং ০১৭৩৪৪১৬৫৮০২।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো। উল্লেখ্য, এ আদেশ অমান্যকারীগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


দেহাশীষ দাশ

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

নভেল করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি

চান্দিনা, কুমিল্লা

ফোন : ০৮০২২-৫৬১০৮

E-mail-unochandina@gmail.com


স্মারক নং ০৫.২০.১৯২৭.০৩৫.০১৩.২০২০- 284

তারিখ : ০২/০৪/২০২০ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে

১। অধ্যাপক মোঃ আলী আশরাফ, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা ৭ ও সভাপতি, সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি

- ২। জেলাপ্রশাসক, কুমিল্লা
৩। পুলিশ সুপার, কুমিল্লা
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চান্দিনা, কুমিল্লা
৫। মেয়র, চান্দিনা পৌরসভা, কুমিল্লা। তাঁর অধিক্ষেত্রে মাইকিং এর মাধ্যমে গণ-বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। অফিসার ইনচার্জ, চান্দিনা থানা, কুমিল্লা
৭। উপজেলা অফিসার, চান্দিনা, কুমিল্লা
৮। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, চান্দিনা, কুমিল্লা। তাঁর অধিক্ষেত্রে মাইকিং এর মাধ্যমে
গণ-বিজ্ঞপ্তিটি
বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। জনাব


উপজেলা নির্বাহী অফিসার
চান্দিনা, কুমিল্লা